

**বিষয়:** নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলাধীন স্বরমশিয়া আলিম মান্দ্রাসার সহকারী শিক্ষক জনাব মো: লুৎফর  
রহমান এর স্থগিতকৃত বকেয়া বেতন ভাতাদি এম.পি.ওতে বরাদ্দকরণ বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

**সূত্র:** জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, নেত্রকোণা এর স্মারক নং- ৩৭.০২.৭২০০.০০০.৮৭.০০১.  
১৭-৩৯৪, তারিখ: ১৪/১২/২০১৭ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলার  
স্বরমশিয়া আলিম মান্দ্রাসার সহকারী শিক্ষক জনাব মো: লুৎফর রহমানকে গত ০৩/১০/২০০৯খ্রি তারিখে অনুষ্ঠিত  
ব্যবস্থাপনা কমিটির সভায় সিদ্ধান্ত মোতাবেক বিনা অনুমতিতে মান্দ্রাসায় অনুপস্থিত, কর্তব্যে অবহেলা, প্রতিষ্ঠানের  
নিয়ম-শৃঙ্খলা ভঙ্গ করায় ও পেশাগত অসদাচরণে লিপ্ত থাকায় সাময়িকভাবে বরখাস্ত করা হয়(কপি সংযুক্ত)।  
পরবর্তীতে আদালতের রায়ের আলোকে গত ০২/০৩/২০১৫খ্রি তারিখে অনুষ্ঠিত গভর্নিং বডিতে সিদ্ধান্তে মোতাবেক  
বকেয়া বেতনভাতা প্রদানের অনুরোধসহ সাময়িক বরখাস্ত হতে অব্যহতি দেয়া হয় (কপি সংযুক্ত)। অপরদিকে  
বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মান্দ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-  
ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা (৪ ফেব্রুয়ারি, ২০১০এ প্রণীত, মার্চ ২০১৩  
পর্যন্ত সংশোধিত) এর অনুচ্ছেদ-১৮(৬) এর উল্লেখ আছে। "প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারী ব্যবস্থাপনা কমিটির মধ্যকার  
অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার বা অন্য কোন বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন  
সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন  
করবে"(কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, বর্ণিত মামলার রায়ের আলোকে এবং জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা (৪ ফেব্রুয়ারি,  
২০১০এ প্রণীত, মার্চ ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর অনুচ্ছেদ-১৮(৬) মোতাবেক নেত্রকোণা জেলার আটপাড়া উপজেলার  
স্বরমশিয়া আলিম মান্দ্রাসার সহকারী শিক্ষক জনাব মো: লুৎফর রহমানকে বকেয়া বেতন-ভাতাদি পরিশোধের বিষয়ে  
মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

**সংলগ্নী:** বর্ণনা মোতাবেক।



(মো: আবদুর রুফ)

সহকারী সচিব (মান্দ্রাসা-২)

৯৫৪৯৩৬৯

উপসচিব (অডিট ও আইন)  
কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

ইউ.ও. নোট নং - ৫৭.০০.০০০০.০৮৫.০১৮.০৬.১৭- ২০

তারিখ: ২৪ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ  
০৭ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

#### অনুলিপি:

- ১। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ-২), কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব (মান্দ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মান্দ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।